

# সূত্র

প্রিন্ট: ২৯ এপ্রিল ২০২৫, ০৮:৪২ এএম

শিক্ষাজ্ঞান

## কুবি'র 'বি' ইউনিটে প্রথম পাবনার শাহীন



কুবি প্রতিনিধি

প্রকাশ: ২৮ এপ্রিল ২০২৫, ০৯:৪৩ পিএম



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় 'বি' ইউনিটে প্রথম স্থান অর্জন করেছেন পাবনা জেলার মো. শাহীন। তিনি পাবনার হাজী জসীম উদ্দীন ডিগ্রি কলেজের মেধাবী শিক্ষার্থী। জিপিএসহ তার মোট স্কোর ১০৫.৮১।

গত ২৫ এপ্রিল কুবির 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় অংশ নেন প্রায় ১৬ হাজার শিক্ষার্থী। প্রতিযোগিতামূলক এ পরীক্ষায় সবার মধ্যে শীর্ষস্থান দখল করেন শাহীন। এছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় 'এ' ইউনিটে ছয় নম্বর স্থান অর্জন করেছেন তিনি।

সাফল্যের অনুভূতি জানতে চাইলে শাহীন বলেন, আলহামদুলিল্লাহ! আল্লাহর অশেষ রহমতে কুবিতে প্রথম হতে পেরেছি। পিতা-মাতা ও শিক্ষকদের স্বপ্ন পূরণ করতে পেরে খুব আনন্দিত। ছোটবেলা থেকেই স্বপ্ন ছিল আইন বিষয়ে পড়াশোনা করে জজ অথবা আইনজীবী হওয়া। এখন সেই স্বপ্নের পথে একধাপ এগিয়ে গেলাম। সবাই আমার জন্য দোয়া করবেন।

শাহীন তার সফলতার পেছনে মহান আল্লাহর রহমত, পরিবারের অবদান ও শিক্ষকদের পরিশ্রমের কথা কৃতজ্ঞচিত্তে স্বীকার করেন।